

মুজিব বর্ষের অঙ্গীকার  
নিরাপদ প্রাণিজ পুষ্টি হবে সবার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল  
ধামরাই, ঢাকা।  
ulodhamrai2022@gmail.com



স্মারক নং-৩৩.০১.২৬১৪.০০০.২২/২৪

তারিখঃ- ১০/০১/২০২২ খ্রি

### বিজ্ঞপ্তি

প্রাণিসম্পদ অধিদপ্তর এর আওতায় প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্প এর কার্যক্রম মাঠ পর্যায়ে বাস্তবায়ন শুরু হয়েছে। উক্ত প্রকল্পের অধীনে উপজেলার সকল ইউনিয়নে প্রকল্প কার্যক্রম বাস্তবায়নে সহযোগিতা এবং খামারীদের ঘাস চাষে উদ্বুদ্ধকরণ, প্রশিক্ষণ প্রদান, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার তত্ত্বাবধানে প্রকল্প সংশ্লিষ্ট কাজের নিমিত্ত প্রকল্প চলাকালীন সময়ের জন্য প্রতি উপজেলায় ০১ (এক) জন করে কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) সংযুক্ত করা হবে। নিম্নোক্ত শর্তাবলী পূরণ করে এমন প্রার্থীদের নিকট থেকে নাম, পিতা ও মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি-২কপি, জাতীয়তা, এনআইডি নম্বর, জন্ম তারিখ, বৈবাহিক অবস্থা, ধর্ম, মোবাইল নম্বর, শিক্ষাগত যোগ্যতা, ও অভিজ্ঞতা (যদি থাকে) সম্বলিত তথ্যাদিসহ দরখাস্ত আহ্বান করা হলো। আগ্রহীদের আগামী ১০/০১/২০২২ খ্রি তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে চাহিত তথ্যাদিসহ দরখাস্ত জমাদানের জন্য অনুরোধ করা হলো।

### শর্তাবলীঃ

১. ডিপিপির সংস্থান মোতাবেক ভাতা/ পারিশ্রমিকে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার তত্ত্বাবধানে প্রকল্পের নিয়ম-কানুন ও নির্দেশনা প্রতিপালন সাপেক্ষে ৩০০/- নন জুডিশিয়াল স্টেম্পে চুক্তির মাধ্যমে প্রকল্প চলাকালীন সময়ের জন্য কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) হিসাবে উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের সাথে সম্পৃক্ত হতে আগ্রহী হতে হবে।
২. সংশ্লিষ্ট উপজেলার স্থায়ী বাসিন্দা, ন্যূনতম এসএসসি বা সমমান পাশ, কর্মঠ, উদ্যোগী এবং নেতৃত্বের গুনাবলী সম্পন্ন এলাকায় সুপরিচিত বেকার যুবক/যুব মহিলা হতে হবে।
৩. নিজে গবাদিপশু পালন ও ঘাস চাষে আগ্রহী এবং উপজেলায় খামারী পর্যায়ে অধিক উৎপাদনশীল উন্নতজাতের ঘাস চাষ সম্প্রসারণে উপজেলা প্রাণিসম্পদ দপ্তরে সম্প্রসারণ এজেন্ট হিসাবে সহযোগিতা প্রদানে আগ্রহী হতে হবে।
৪. উপজেলা প্রশাসন ও স্থানীয় জনপ্রতিনিধিদের সাথে সমন্বয় রেখে উপজেলা সদরে অধিক উৎপাদনশীল উন্নতজাতের ঘাসের ক্রয়-বিক্রয় কেন্দ্র/ বাজার স্থাপনের উদ্যোগ গ্রহণ করতে আগ্রহী হতে হবে।
৫. প্রকল্প বাস্তবায়ন সংশ্লিষ্ট সকল কার্যক্রম উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার নির্দেশনা মোতাবেক সম্পন্ন করতে আগ্রহী হতে হবে।
৬. অফিস সময়ে কর্মস্থলে উপস্থিত থেকে প্রকল্প সংশ্লিষ্ট কাজ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার নির্দেশনা অনুযায়ী করতে হবে।
৭. বয়স ২০-৪৫ এর মধ্যে হতে হবে তবে প্রাণিসম্পদ অধিদপ্তরধীন সমাপ্ত উন্নয়ন প্রকল্পসমূহে কর্মরত ছিলেন এমন প্রার্থীকে অগ্রাধিকার দিতে হবে এবং তাদের ক্ষেত্রে বয়স শিথিল যোগ্য।
৮. অধিদপ্তরধীন চলমান অন্য কোন উন্নয়ন প্রকল্পের কোন সুবিধা ভোগীকে এ প্রকল্পের আওতায় সুফল ভোগী হিসাবে নির্বাচন করা যাবে না।
৯. আদালত কর্তৃক দোষী সাব্যস্ত অথবা অপ্রকৃতস্থ ব্যক্তিকে কমিউনিটি এক্সটেনশন এজেন্ট(CEA) পদে অযোগ্য বলে বিবেচিত হবে।
১০. প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনের জন্য কমিউনিটি এক্সটেনশন এজেন্ট(CEA) এর উল্লেখিত দায়িত্ব ও কর্তব্য যথাযথভাবে পালনের মানসিকতা থাকতে হবে।
১১. পরিষ্কার অংশ গ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
১২. কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ আবেদন পত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

*Selim*  
10.01.2022

ডাঃমোঃসেলিম জাহান  
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা  
ধামরাই, ঢাকা।  
ও  
সদস্য সচিব  
প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ  
ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্পের  
কমিউনিটি এক্সটেনশন এজেন্ট(CEA) নির্বাচন কমিটি।

বিজ্ঞপ্তি নোটিশ বোর্ড টানানোর জন্য অনুরোধ সহ প্রেরণ করা হলোঃ

- ১। উপজেলা নির্বাহী অফিসার, ধামরাই, ঢাকা।
- ২। উপজেলা কৃষি কর্মকর্তা, ধামরাই, ঢাকা।
- ৩। নোটিশ বোর্ড, অত্র দপ্তর।

### অনুলিপিঃ

- ১। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ঢাকা।
- ২। প্রকল্প পরিচালক, প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্প, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ধামরাই, ঢাকা।
- ৪। উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ধামরাই, ঢাকা।
- ৫। অফিস নথি।